# আল-ইনফিতার | Al-Infitar | ٱلْإِنفِطَار

আয়াতঃ ৮২ : ১৩

## আরবি মূল আয়াত:

اِنَّ الۡاَبۡرَارَ لَفِیۡ نَعِیۡمٍ ﴿۱۳﴾

## অনুবাদসমূহ:

নিশ্চয় সৎকর্মপরায়ণরা থাকবে সুখ- স্বাচ্ছন্দ্যে। — আল-বায়ান

নেককারগণ থাকবে নানান নি‘মাতের মাঝে — তাইসিরুল

পুণ্যবানগণতো থাকবে পরম সুখ সম্পদে; — মুজিবুর রহমান

Indeed, the righteous will be in pleasure, — Sahih International

## ১৩. পুণ্যবানেরা তো থাকবে পরম স্বাচ্ছন্দ্যে(১);

(১) পুণ্যবানেরা কি কি নেয়ামতে থাকবে সেটা জানতে হলে আমাদেরকে পবিত্র কুরআনের অন্যত্র একটু দেখতে হবে। অন্যত্র এসেছে, “অবশ্যই পূণ্যবানদের আমলনামা ‘ইল্লিয়ীনে, ‘ইল্লিয়্যীন সম্পর্কে আপনি কী জানেন? ওটা চিহ্নিত ‘আমলনামা। যারা আল্লাহর সান্নিধ্যপ্রাপ্ত তারা তা দেখে। পূণ্যবানগণ তো থাকবে পরম স্বচ্ছন্দে, তারা সুসজ্জিত আসনে বসে অবলোকন করবে। আপনি তাদের মুখমণ্ডলে স্বাচ্ছন্দ্যের দীপ্তি দেখতে পাবেন। তাদেরকে মোহর করা বিশুদ্ধ পানীয় হতে পান করান হবে; ওটার মোহর মিসকের, এ বিষয়ে প্রতিযোগীরা প্রতিযোগিতা করুক। ওটার মিশ্রণ হবে তাসনীমের; তা একটা প্রস্রবণ, যা থেকে সান্নিধ্যপ্রাপ্তারা পান করে। [সূরা আল মুতাফফিফীন; ১৮–২৮]

তাফসীরে জাকারিয়া

## ১৩। পুণ্যবানগণ তো থাকবে পরম স্বাচ্ছন্দ্যে;

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5842

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন